

# ■■ মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

হাদিস নাম্বারঃ ৪৩২৯

পর্ব-২২: পোশাক-পরিচ্ছদ (كتاب اللباس)

পরিচ্ছেদঃ দ্বিতীয় অনুচ্ছেদ

الْفَصْلُ الثَّانِي

### আরবী

وَعَن أَسماءَ بنت يزيد قَالَتْ: كَانَ كُمُّ قَمِيصِ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ إِلَى الرُّصنْغِ. رَوَاهُ التِّرْمِذِيُّ وَقَالَ: هَذَا حَدِيثٌ حَسَنٌ غَرِيبٌ

#### বাংলা

8৩২৯-[২৬] আসমা বিনতু ইয়াযীদ (রাঃ) হতে বর্ণিত। তিনি বলেন, রসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-এর জামার আস্তিন হাতের কব্জি পর্যন্ত ছিল। [তিরমিযী, আবূ দাউদ; আর ইমাম তিরমিযী (রহিমাহুল্লাহ) বলেনঃ হাদীসটি হাসান গরীব][1]

## ফুটনোট

[1] য'ঈফ: তিরমিয়ী ১৭৬৫, আবূ দাউদ ৪০২৭, য'ঈফ আত্ তিরমিয়ী ১৮৩৬, য'ঈফ আবূ দাউদ ৮৭০, য'ঈফাহ ৩৪৫৭, য'ঈফ আল জামি'উস সগীর ৪৪৭৯।

হাদীসটির য'ঈফ হওয়ার কারণ, এর সনদে "শাহ্র ইবনু হাওশাব" নামে একজন রাবী আছে। যে তার দুর্বল মুখস্থ শক্তির কারণে য'ঈফ। বিস্তারিত দেখুন- সিলসিলাতুয য'ঈফাহ ৫/৪৭৪ পঃ, ২৪৫৮ নং হাদীসের আলোচনা দ্রঃ।

#### ব্যাখ্যা

ব্যাখ্যাঃ রসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-এর কামীসের আস্তিন বা হাতা ছিল হাতের কজি পর্যন্ত। رصغ শব্দের অর্থ হাতের কজি। এ শব্দ কোন বর্ণনায় ত এর পরিবর্তে ত অক্ষর দ্বারা পঠিত হয়েছে, উভয় পঠনে অর্থ একই।

এ হাদীসের ভিত্তিতে 'আল্লামা জুযরী (রহিমাহুল্লাহ) বলেনঃ সুন্নাত হলো জামার আস্তিন হতে হবে কব্দি পর্যন্ত, তা



অতিক্রম করা চলবে না। কামীস ছাড়া জুবা, কোট ইত্যাদি পোশাকের ক্ষেত্রে মুহাক্কিক ফুকাহাদের মত হলো সেটাও অঙ্গুলির মাথা অতিক্রম করতে পারবে না। অবশ্য আবুশ্ শায়খ ইবনু হিবান উক্ত সনদে উল্লেখ করেছেন, كَانَ يَدُ قَمِيصِ رَسُولِ اللهِ \_ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ \_ أَسْفَلَ مِنَ الرُّسْغِ उर्था९ तुमूल्ल्लाह সাল্লাল্লাহ আলাইহি ওয়াসাল্লাম-এর কামীসের হাতা ছিল কজির নীচ পর্যন্ত।

তিনি মুসলিম ইবনু ইয়াসার-এর সূত্রে আরেকটি হাদীস উল্লেখ করেছেন, তাতে উল্লেখ আছে,

كَانَ رَسُولُ اللهِ \_ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ \_ يَلْبَسُ قَمِيصًا فَوْقَ الْكَعْبَيْنِ مُسْتَوِيَ الْكُمَّيْنِ لِأَطْرَافِ أَصَابِعِه

রসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম একটি জামা পরিধান করতেন যার বহর পায়ের গিরার উপর পর্যন্ত ছিল আর দুই হাতার ঝুল ছিল আঙ্গুলের মাথা পর্যন্ত। সুতরাং আস্তিনের পরিমাপ কজি পর্যন্তই হতে হবে এমনটি নয় বরং কেউ ইচ্ছা করলে আঙ্গুলের মাথা পর্যন্ত তৈরি করতে পারবেন।

রইল বিভিন্ন রকম বর্ণনা। এ প্রেক্ষিতে মুহাদ্দিসগণের মতামত হলো রসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-এর একাধিক জামা ছিল, যার কোনটির আস্তিন বা হাতা ছিল হাতে কজি পর্যন্ত, কোনটির ছিল আঙ্গুলের মাথা পর্যন্ত, কোনটি ছিল ঢোলাঢিলা, কোনটি ছিল আঁটসাট। সুতরাং কোন বর্ণনা কোন বর্ণনার বিপরীত নয়। (মিরক্লাতুল মাফাতীহ; 'আওনুল মা'বূদ ৭ম খন্ড, হাঃ ৪০২২)

হাদিসের মান: যঈফ (Dai'f) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি 🛘 বর্ণনাকারীঃ আসমা বিনতু ইয়াযীদ ইবনুস সাকান (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন